



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ২২-০৬-২০২৩

সেনাবাহিনীর আয়োজনে ঢাকায় অনুষ্ঠিত হলো আধুনিক ক্যান্সার চিকিৎসা ও ক্যান্সার সচেতনতা সেমিনার

ঢাকা, ২২ জুন ২০২৩ : সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর ও সিএমএইচ ঢাকা এর সহযোগিতায় আধুনিক ক্যান্সার চিকিৎসা ও ক্যান্সার সচেতনতা শীর্ষক সেমিনার আজ বৃহস্পতিবার (২২-৬-২০২৩) ঢাকা সেনানিবাসস্থ আর্মি গলফ ক্লাবে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ এবাদুল করিম, এমপি।

সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম মুসা খান, এমএস, এফসিভিএস এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে ক্যান্সার রোগের চিকিৎসা এবং সচেতনতা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় হয়। এছাড়াও ক্যান্সার চিকিৎসায় সর্বশেষ আধুনিকায়ন এবং সিএমএইচ ঢাকার অভূতপূর্ব উন্নয়নের উপর সেমিনারে আলোকপাত করা হয়। প্রধান অতিথি তাঁর বক্তব্যে ক্যান্সার চিকিৎসায় সেনাবাহিনীর তাৎপর্যপূর্ণ ভূমিকার প্রশংসা করেন।

কনসালটেন্ট ফিজিশিয়ান জেনারেল সশস্ত্র বাহিনী বিভাগ মেজর জেনারেল মোঃ আজিজুল ইসলাম এসইউপি, এফসিপিএস তার উপস্থাপনায় ক্যান্সার চিকিৎসা এবং এ রোগের বিরুদ্ধে লড়াইয়ে সেনাবাহিনীর অগ্রগতি ও অবদানের উপর আলোকপাত করেন। ঢাকা সিএমএইচ এর সহযোগিতায় ক্যান্সার জয়ী রোগীদের সফল পথ চলায় সাহসিকতা ও সহনশীলতার গল্পগুলো সেমিনারে উপস্থিত দর্শক-শ্রোতাদের আকর্ষিত করে এবং সকল ক্যান্সার যোদ্ধাদের মনে আশার সঞ্চার করে।

ক্যান্সার সচেতনতা বৃদ্ধি এবং এ রোগের চিকিৎসা আরও একধাপ এগিয়ে নিতে সেমিনারটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮

